

115146 - শেয়ারের মালিকানা লাভের অব্যবহিত পরেই শেয়ার বিক্রি করে দেয়া

প্রশ্ন

আমার প্রশ্ন শেয়ার ব্যবসা সংক্রান্ত। যদি আমি ১১ নভেম্বর ২০০৭ তারিখে শেয়ার কিনি এবং ১৩ নভেম্বর ২০০৭ (অর্থাৎ দুই দিনের মধ্যে) তারিখ ভোরে ভোরে লেনদেন সম্পূর্ণরূপে সমাপ্ত হয়ে যায় এবং আমি যদি আমার শেয়ারগুলো বিক্রি করে দিই (আমি বুঝাতে চাচ্ছি যেই দিন লেনদেন শেষ হয়েছে সেই দিনই) তাহলে এ ব্যাপারে আপনাদের বক্তব্য কি? এটা কি জায়েয? এমনকি যেই দিন আমি শেয়ারগুলোর পূর্ণাঙ্গ মালিকানা পেয়েছি ঐ দিনই তথা ১৩ নভেম্বর ২০০৭ আমার শেয়ারগুলোর দাম বেড়ে যায়।

প্রিয় উত্তর

আপনি যদি কিছু শেয়ার ক্রয় করেন এবং সেগুলো আপনার মালিকানায় প্রবেশ করে তাহলে সেগুলো বিক্রি করে দেয়া জায়েয। এমনকি সেটা যদি একই দিন হয় তবুও; এক্ষেত্রে শেয়ারের দাম বেড়ে যাক কিংবা কমে যাক উভয়টা সমান। যেহেতু শেয়ারগুলো একটি সচল কোম্পানিতে রয়েছে এবং কোম্পানির কর্ম তৎপরতা ও সরঞ্জামাদি বিদ্যমান রয়েছে।

তবে আলেমদের মতভেদ হয়েছে কোম্পানি খোলার পরপরই, কোম্পানির কার্যক্রম শুরু করার আগে এবং এর তরল অর্থ বিভিন্ন জিনিসপত্রে পরিণত হওয়ার আগে শেয়ার বিক্রি করে দেয়ার ক্ষেত্রে। আলেমদের মধ্যে একদল এমতাবস্থায় বেশিদামে শেয়ার বিক্রি করাকে হারাম বলেছেন। যেহেতু সেটা বেশি দামে নগদ অর্থের বিনিময়ে নগদ অর্থ বিক্রি করা। আর অপর একদল আলেম জায়েয বলেছেন; এ দৃষ্টিকোণ থেকে যে, কোম্পানি তরল অর্থ ছাড়াও এমন কিছু মালিক শরিয়তে যেটার মূল্য ধর্তব্য। সেটার মধ্যে রয়েছে লাইসেন্সের মূল্য।

আর কোম্পানির সকল সম্পদ বা অধিকাংশ সম্পদ তরল অর্থের বদলে বিভিন্ন জিনিসপত্রে পরিণত হওয়ার পর একই দামে কিংবা বেশি দামে বিক্রি করা জায়েয।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।